# মুমিনের দু‘আ

বিভাগ/অধ্যায়ঃ দু‘আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

দুর্দশাগ্রস্ত ব্যক্তির দু‘আ

لاَ إِلَهَ إِلاَّ اللهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ رَبُّ السَّمَوَاتِ وَرَبُّ الأَرْضِ وَرَبُّ الْعَرْشِ الْكَرِيمِ

‘আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই, তিনি মহান ও সহিষ্ণু। আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই, তিনি মহান আরশের রব। আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই, তিনি আসমানসমূহের রব, জমিনের রব এবং সম্মানিত আরশের রব’ (বুখারী, হা/৬৩৪৫)।

اللَّهُمَّ رَحْمَتَكَ أَرْجُو، فَلَا تَكِلْنِي إِلى نَفْسِى طَرْفَةَ عَيْنٍ وَأَصْلِحْ لِي شَأْنِي كُلَّهُ، لَا إِلَهَ إِلَّا أَنْتَ

‘হে আল্লাহ, আমি আপনার রহমতেরই আশা করি। তাই আপনি এক নিমিষের জন্যও আমাকে আমার নিজের কাছে সোর্পদ করবেন না। আপনি আমার সার্বিক বিষয়াদি সংশোধন করে দিন। আপনি ছাড়া কোনো সত্য ইলাহ নেই’ (আবূ দাঊদ, হা/৫০৯০)।

لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

‘আপনি ছাড়া কোনো সত্য ইলাহ নেই, আপনি পবিত্র-মহান, নিশ্চয়ই আমি যালিমদের অন্তর্ভুক্ত’ (তিরমিযী, হা/৩৫০৫)।

اَللهُ اَللهُ رَبِّي لاَ أُشْرِكُ بِهِ شَيْئاً

‘আল্লাহ, আল্লাহ, (তিনি) আমার রব, আমি তাঁর সাথে কোনো কিছু শরীক করি না’ (আবূ দাঊদ, হা/১৫২৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন